## ত্রিপুরা সরকার তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-৩২**১৯** আগরতলা, ২৬ মার্চ, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

"সরকারের উদাসীনতায় দু'বছর ধরে রোগী কল্যাণ সমিতির কাজ বন্ধ"এই শিরোনামে আজ (২৬ মার্চ, ২০২৫) দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, আইজিএম হাসপাতালে রোগী কল্যাণ সমিতির কাজ বন্ধ হয়নি। রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান পদত্যাগ করার পর বর্তমানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে রোগী কল্যাণ সমিতির সমস্ত কাজকর্ম সরকারি ভাবে দেখছেন। সংবাদে আইজিএম হাসপাতালে যে তিনটি বিভাগের কথা উল্লেখ করা হয়েছে সেই তিনটি বিভাগে অর্থাৎ অন্থি, শল্য এবং ইএনটি বিভাগে গত ২১ মার্চ ২০২৫ স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য অধিকর্তা প্রফেসর (ডা.) সঞ্জীব কুমার দেববর্মা সহ উচ্চ পর্যায়ের এক প্রতিনিধি দল পরিদর্শন করেছেন। সেখানে একটি মাল্টি স্টোরেজ বিল্ডিং তৈরি করার বিষয়ে প্রাথমিকভাবে আলোচনা হয়। এই বিষয়টি প্রক্রিয়াধীন।

\*\*\*\*